(Under Section 154 Cr. P.C.) 173 of BNSS 2426

1. Dist. Darjeeling P.S. Matigara Year 2025 FIR No. 275/25 Date 27.4.2025

2. i) Act B N S Sections 85 ii) Act Sections

iii) Act Sections iv) Others Acts & Sections 3/4 DP Act

3. (a) Occurrence of offence : Day Date From Since after six months of Marriage Date To

Time Period Time From Time To

(b) Information received at P.S. Date On 27.04.2025 Time 14:35 hrs

(c) General Diary Reference : Entry No (s) 1502 Time 14:35 hrs

4. Type of Information Written Written / Oral

5. Place of Occurrance : (a) Direction and Distance from P.S. About 04 KM West from PS Beat No.

(b) Address Sarodapally, Kadam Tala, Shibmandir, PS. Matigara, Dist. Darjeeling

(c) In case outside limit of this Police Station, then the

Name of the P.S. District

6. Complainant / Informant :

(a) Name Smt Beli Paul Chowdhury @ Baby

(b) Father's / Husband's Name W/o Somnath Paul, D/o Nirasan Paul Chowdhury

(c) Date / Year of Birth (d) Nationality

(e) Passport No. Date of Issue : Place of Issue

(f) Occupation

(g) Address Sarodapally, Kadam Tala, Shibmandir, PS. Matigara.

7. Details of known / suspected / unknown accused with full particulars

(Attach separate sheet, if necessary) : (1) Somnath Paul s/o Lt. Jotish Ch. Paul (2) Namita Rani Paul, All of Sarodapally, Kadamtala, Shibmandir, PS. Matigara, Dist. Darjeeling

8. Reasons for delay in reporting by the Complainant / Information

9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :

10. Total value of properties stolen / involved

11. Inquest Report / U.D. Case No. If any

12. FIR Contents (Attach separate sheets, if required) : Original written complaint which is treated as FIR is enclosed herewith / reproduced overleaf

27.04.25

13. Action Taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., Registered the case and took up the investigation / directed LASI Sarda Sarki take up investigation / refused investigation / transferred to P.S. on point of jurisdiction. FIR read over to the Complaint / Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / informant free of cost.

Inspector-In-Charge
Matigara Police Station
Siliguri Police Commissionerate

27.04.25

Signature of the Officer in Charge Police Station

Name : ARINDAM BHATTACHARJEE

Rank : No. Inspector, Incharge Matigara PS/SPC

Inspector-In-Charge
Matigara Police Station
Siliguri Police Commissionerate

14. Signature / Thumb impression of the Complainant / Informant

15. Date & Time of despatch to the court :

PDF Scanner ACE Scanner

Received on 27.4.25 at 14:35 hrs vide GDE No. 150 and started Matigara PS Case No. 275/25 Dtd. 27.4.25 u/s. 85 of BNS. LASI R/W 3/4 DP Act. Sarda Sarki will investigate the case.

Date:- 26.4.25

27.4.25

Inspector-in-Charge
Matigara Police Station
Siliguri Police Commissionerate

To,
The Officer-in-charge
Matigara Police Station
Dist. Darjeeling

মহাশয়,

বিনীত নিবেদন এই যে আমি শ্রীমতী বেবী পাল চৌধুরী, স্বামী-স্ত্রী সোমনাথ পাল, পিতা শ্রী নিরসন পাল চৌধুরী, ঠিকানা সারদাপল্লী, কদমতলা, শিবমন্দির, খানা মাটিগাড়া, জেলা দার্জিলিং, আপনার নিকট এই মর্মে এজাহার করিতেছি যে, গত 30/04/2021 তারিখে স্বর্গীয় যতিশ চন্দ্র পালের একমাত্র পুত্র শ্রী সোমনাথ পালের সাথে আমার হিন্দু মতে বিবাহ হয়। বিবাহের ঠিক হবার সময় পাত্রপক্ষের কোনরূপ দাবী-দাওয়া ছিল না, কিন্তু বিয়ের ঠিক দুদিন আগে আমার শাশুড়ি ও ঘটক আমার বাবার থেকে সোনার গহনা ও ৫৫ হাজার টাকা দাবী করে। আমার বাবা সেই সময় বাধ্য হয়ে ওনাদের উক্ত দাবী পুরন করে, এবং বাসন পত্র জামা-কাপর ইত্যাদি দেয়। এরপর অর্থাৎ বিয়ের ঠিক ছয় মাস পর পুনরায় আমার স্বামী ও শাশুড়ি আমার উপর চাপ দেওয়া শুরু করে যাতে আমি আমার বাবার থেকে টাকা নিয়ে আরও আসবাব পত্র নিয়ে আসি, তারপর বাধ্য হয়ে আমার বাবা একটি টি.ভি. ও একটি আলমারী দেয়।

বিবাহের পর আমার স্বামী আমাকে তাহাদের বাড়িতে অর্থাৎ আমার শ্বশুরবাড়িতে নিয়ে যায়। বিবাহের তিনমাস পরেই আমার স্বামী বলে আমায় নাকি তার বিয়ে করার ইচ্ছে ছিলনা, বিয়ে করে আমাকে সে দয়া করেছে, এবং শাশুড়িও বলে ভার আমাকে পছন্দ ছিলনা, এরপর ধীরে ধীরে ওইসব বলা বন্ধ হলেও, আমাদের স্বামী-স্ত্রী এর মধ্যে সম্পর্কটি খারাপ হয়ে ওঠে, এরপর আমার স্বামী এবং স্বাসুরি দুজনেই নানান ভাবে আমার ওপর মানসিক ও শারীরিক অত্যাচার করে এবং আমি জানতে পারি যে আমার স্বামীর আমার বিয়ের আগে থেকেই শিলিগুড়ির দিশা হস্পিভালে কর্মরত একজন নার্সের সাথে ভালবাসার সম্পর্ক। বিয়ের প্রায় ছয় মাস পর থেকেই আমার স্বামী ও শাশুড়ি আমাকে আমার বাপের বাড়ি থেকে আরও টাকা নিয়ে আসার জন্য চাপ দেয়, আমি ওই টাকা এনে দিতে পারি নি সেজন্য তাহারা বিভিন্ন অজুহাতে আমার সাথে ঝগড়া করত। আমাকে আমার বাড়ির লোকেদের সাথেও কথা বলতে দিতনা এমনকি আমার ম্যা, বাবার সঙ্গেও কথা বলতে দিত না, আমার স্বামী কাজ থেকে ফিরলে আমার শাশুড়ি তাহার কাছে অকারণেই আমার ব্যাপারে অভিযোগ করত এবং আমার স্বামী কোনওকিছু না শুনে আমাকে মারধর করত। আমাকে কোনওরূপ হাত খরচ দিত না, জামা-কাপড়ও কিনে দিত না এমনকি আমাকে কোনও মোবাইলও ব্যবহার করতে দেয় নি। 2022 সালের সেপ্টেম্বর মাসে আমি আমার শাশুড়ির ফোন থেকে আমার বাবাকে কল করায় তাহারা আমার উপর রাগ করে আমাকে প্রচণ্ড মারধর করেন, আমার স্বামী হাতের বালা দিয়ে আমার মুখে আঘাত করে, আমাকে এরপর পাড়ার ওষুধের দোকানে গিয়ে ওষুধ খাওয়ায়। গতবার হোলির সময় আমার শাশুড়ি আমার হাতে চিমটি দিয়ে মাংস তুলে 2 নেয়। এভাবেই প্রতিনিয়ত আমার সাথে আমার স্বামী ও শাশুড়ি শারীরিক অত্যাচার করে চলেছে।

আমার বাড়িতে শুধু আমার বাবা মা থাকে। আমার বাবা আগে মাটির জিনিস বানিয়ে সংসার চালাত, কিন্তু দুই বৎসর যাবত আমার বাবা ক্যান্সার রোগে আক্রান্ত। আমার যদিও তিন দাদা কিন্তু তাহারা নিজ নিজ সংসার নিয়ে আলাদাই থাকে। আমি এই সমস্ত কারনে আমার স্বামী ও শাশুড়ির সমস্ত নির্মম অত্যাচার মুখ বুজেই সহ্য করে চলেছি। বিভিন্ন সময় পাড়ার লোকেদের সহায়তায় আমি প্রানে বাচি। আমি দু-তিন দিনের জন্য আমার বাবার বাড়িতে যেতে

Baby Paul Chowdhury

ACE Scanner

চেয়েছিলাম বলে গতকাল অর্থাৎ 25/04/2025 তারিখে আমার স্বামী ও শাশুড়ি আমাকে রাতে কোনও খাবার খেতে দেয়নি এবং রাত আনুমানিক 12 টা নাগাদ আমাকে বলপূর্বক শ্বশুরবাড়ি থেকে বের করে দেয়। তারপর পাড়ার লোকজন এসে আমাকে শ্বশুরবাড়িতে ঢোকায়। আজ সকাল থেকেই আমার শাশুড়ি রান্নাঘর বন্ধ করে দিয়েছে আমাকে খেতেও দেয় নি। আমি পাশের বাড়িতে গিয়ে চা বিস্কুট খাই। এরপর আমি আমার বাবাকে খবর দেই এবং নিরুপায় হয়ে আপনার নিকট অভিযোগ করতে এসেছি।

বিধায় প্রার্থনা, মহাশয় ঘটনার তদন্ত করিয়া, আমার স্বামী উক্ত (১) শ্রী সোমনাথ পাল, পিতা- স্বর্গীয় যতিশ চন্দ্র পাল, আমার শ্বাশুড়ি (২) নমিতা রানী পাল, ঠিকানা সারদাপল্লী, কদমতলা, শিবমন্দির, থানা মাটিগাড়া, জেলা দার্জিলিং -এর বিরুদ্ধে আইনানুগ ব্যাবস্থা গ্রহন করে আমায় বাধিত করিবেন।

Baby Paul Chowdhury

নিবেদিকা-

7548943783

PDF Scanner ACE Scanner